

## কমসাব কর্তৃক ডিভিশন গ্রহণ এবং সাবমেরিন পরিদর্শন-০৬ জানুয়ারি ২০১৮

গত ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ কমান্ডার সাবমেরিন কমডোর এম কামরুল হক চৌধুরী, (ট্যাজ), ওএসপি, পিএসসি, বিএন (পিনং ৪৬৩) সাবমেরিন বার্থ সংলগ্ন রাস্তায় সাবমেরিন সংস্থার সকল কর্মকর্তা ও নাবিকগণের ১নং পোষাকে ডিভিশন এবং পরবর্তীতে ৪নং পোষাকে সাবমেরিন দুটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মাননীয় নৌপ্রধান কর্তৃক অনুষ্ঠিতব্য বাৎসরিক পরিদর্শন উপলক্ষ্যে গৃহীতব্য বিভিন্ন প্রস্তুতি সম্পর্কে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।



কমান্ডার সাবমেরিন ডিভিশনের সময় উপস্থিত সকলের পোষাক পরিদর্শন করছেন।



চীফবোসনমেট কমান্ডার সাবমেরিনকে রাউন্ড রুট সম্পর্কে ব্রিফিং করছেন।

## মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক ডিভিশন গ্রহণ এবং সাবমেরিন পরিদর্শন -১০ জানুয়ারি ২০১৮

গত ১০ জানুয়ারি ২০১৮ তারিখ মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, এনবিপি, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি ১৬ সাবমেরিন স্কোয়াড্রন বাৎসরিক পরিদর্শন করেন। মাননীয় নৌবাহিনী প্রধান এবং পরিদর্শনকারী দল ১১৪৫ ঘটিকা হতে ১২৩০ ঘটিকা পর্যন্ত গার্ড ও ডিভিশন এবং ১৩০১ ঘটিকা হতে ১৩২৫ ঘটিকা পর্যন্ত বানৌজা নবযাত্রা এবং ১৩২৬ ঘটিকা হতে ১৩৫০ ঘটিকা পর্যন্ত বানৌজা জয়যাত্রা পরিদর্শন করেন। পরিদর্শন শেষে মাননীয় নৌবাহিনী প্রধান ডিভিশন এবং পরিদর্শন উপলক্ষ্যে সাবমেরিনদ্বয়ের সামগ্রিক প্রস্তুতির প্রশংসা করেন।



মাননীয় নৌবাহিনী প্রধান ডিভিশনে উপস্থিত কর্মকর্তাদের সাথে কুশল বিনিময় করছেন